

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
প্রজ্ঞাপন

ঢাকা, ০২ নভেম্বর ২০১৪/১৮ কার্তিক ১৪২১

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-১৭৩—সরকারের শূন্য পদ পূরণ, আবশ্যিকীয় নূতন পদ সৃজন ও এই সকল পদে নিয়োগের প্রক্রিয়া ত্বরান্বিত করিবার বিষয়ে সুপারিশ প্রণয়ন এবং এইগুলি বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৪ এপ্রিল ২০১৪/১১ বৈশাখ ১৪২১ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৭৭ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত কমিটির কার্যপরিধিতে সরকার নিম্নে বর্ণিত বিষয়টিও অন্তর্ভুক্ত করিয়াছে :

শিক্ষা, চিকিৎসা ইত্যাদি বিশেষায়িত খাতে কর্মকর্তা নিয়োগের প্রক্রিয়া ত্বরান্বিত করিবার লক্ষ্যে খাতভিত্তিক কর্ম কমিশন গঠন অথবা বাংলাদেশ সরকারি কর্ম কমিশনে ক্ষেত্রভিত্তিক কর্মপরিসর সৃষ্টির উপযোগিতা পর্যালোচনা করিয়া দ্রুত কার্যক্রম গ্রহণ।

২। কমিটির গঠন ও অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোস্তাফিজুর রহমান
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৯৩৯৭)

মূল্য : টাকা ৪.০০